

ফাতওয়া নাম্বার: ৫২৬

প্রকাশকাল: ২৯-১২-২০২৪ ইং

দুইজন ব্যক্তি জামাতে নামায আদায় কালে তৃতীয় ব্যক্তি আসলে করণীয়

প্রশ্ন:

দুজন ব্যক্তি জামাতের সাথে নামায পড়ছিল। একজন ইমাম, অপরজন মুক্তাদি। এ সময় তৃতীয় ব্যক্তি আসলে আমরা জানি, মুক্তাদি পেছনে সরে আসবে। কিন্তু যদি মুক্তাদির জন্য পেছনে সরার মতো জায়গা না থাকে তাহলে কি ইমাম সামনে যেতে পারবে?

-আবদুল আহাদ

উত্তর: এক্ষেত্রে সঠিক নিয়ম হলো, ইমাম আপন স্থানে থাকবে, আর প্রথম মুক্তাদি উল্টোপায়ে (কেবলার দিক থেকে সিনা না ফিরিয়ে) পেছনে সরে আসবে এবং আগলুক ব্যক্তির সাথে মিলে ইমামের পেছনে কাতার করবে। নবীজীর সাথে সফরের ঘটনা সম্বলিত একটি দীর্ঘ হাদীসে জাবের রাযিয়াল্লাহু আনহু বলেন,

جنت حتى قمت عن يسار رسول الله صلى الله عليه وسلم، فأخذ بيدي فأدارني حتى أقامني عن يمينه، ثم جاء جبار بن صخر فتوضأ، ثم جاء فقام عن

يسار رسول الله صلى الله عليه وسلم، فأخذ رسول الله صلى الله عليه وسلم بيدينا جميعاً، فدفعنا حتى أقامنا خلفه. - صحيح مسلم (٤/ ٢٣٠٥ رقم: ٣٠١٠)

“(রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে দাঁড়ালে) আমি এসে তাঁর বাম পাশে দাঁড়াই। তখন নবীজী আমার হাত ধরে আমাকে ঘুরিয়ে ডান পাশে দাঁড় করান। এরপর জাব্বার বিন সাখর রাযিয়াল্লাহু আনহু (ইন্তেঞ্জা সেরে) অযু করে এসে নবীজীর বাম পাশে দাঁড়ান। তখন নবীজী আমাদের দুজনের হাত ধরে আমাদের পেছনে ঠেলে দেন এবং আমাদেরকে তাঁর পেছনে দাঁড় করান।” -সহীহ মুসলিম: ৪/২৩০৫ হাদীস: ৩০১০ (দারু ইহয়ায়িত তুরাস)

কিন্তু যদি মুজ্জাদির পেছনে সরার মতো জায়গা না থাকে কিংবা মাসআলা না জানার কারণে সে পেছনে না যায়, তাহলে ইমাম সিজদার স্থান পর্যন্ত অগ্রসর হতে পারবে। - রদ্দুল মুহতার: ১/৫৬৮ (দারুল ফিকর)

আর যদি ইমামেরও সামনে অগ্রসর হওয়ার সুযোগ না থাকে, তাহলে তৃতীয় ব্যক্তি ইমামের পাশেই দাঁড়িয়ে যাবে। এক্ষেত্রে প্রথম মুজ্জাদি সুল্লত তরীকা অনুযায়ী ইমামের ডান পাশে দাঁড়িয়ে থাকলে তৃতীয় ব্যক্তি ইমামের বাম পাশে



দাঁড়াবে। -সহীহ মুসলিম: ১/৩৭৮ হাদীস: ৫৩৪ (দারু
ইহয়ায়িত তুরাস); মাবসূতে সারাখসী: ১/৪২ (দারুল
মারেফা); বাদায়েউস সানায়ে: ১/১৫৮ (দারুল কুতুবিল
ইলমিয়্যাহ); আল-বাহরুর রায়েক: ১/৩৭৪ (দারুল কিতাবিল
ইসলামী); ইমদাদুল মুফতীন, পৃ: ২৯৪ (দারুল ইশাআত,
করাচী)

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহ)



২৩-০৫-১৪৪৬ হি.

২৬-১১-২০২৪ স.